'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2024

## DSE1/2-P2-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-A2

### বাংলা কাব্য, নাটক, উপন্যাস ও ছোটগল্প

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থটি কত সালে প্রথম প্রকাশিত হয় ? কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ? এই কাব্যে কতগুলো কবিতা রয়েছে ?

(খ) 'মরীচিকা' কাব্যগ্রন্থের প্রথম ও শেষ কবিতার নাম লেখো। এই কাব্যের অন্যান্য কয়েকটি উল্লেখযোগ্য কবিতার নাম লেখো।

(গ) 'কারাগার' নাটকটি কত সালে রচিত হয় ? এই নাটকের চারটি চরিত্রের নাম লেখো।

(ঘ) 'কারাগার' নাটকের অঙ্ক ও দৃশ্য সংখ্যা লেখো। এই নাটকে কতগুলো গান ব্যবহৃত হয়েছে ?

(ঙ) মুক্তকেশী কে ? তাঁর পুত্র-কন্যাদের নাম লেখো।

(চ) 'চকাচকী' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ? এটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) 'মরীচিকা' কাব্য অবলম্বনে যতীন্দ্রনাথ সেনগুপ্তের শিব ভাবনার পরিচয় দাও।

(খ) 'কারাগার' নাটক অবলম্বনে কংস চরিত্রটি আলোচনা করো।

(গ) সুবর্ণলতার স্বামীর নাম কী ? তাঁর চরিত্র-বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) 'সুবর্ণলতা' উপন্যাসের দুটি অপ্রধান চরিত্র সম্বন্ধে আলোচনা করো।

(ঙ) 'পত্রলেখার বাবা' গল্পের হাস্যরসের পরিচয় দাও।

(চ) 'বন্যা' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।



Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'মরীচিকা' কাব্য অবলম্বনে যতীন্দ্রনাথ সেনগুপ্তকে দুঃখবাদী কবি বলা যায় কিনা আলোচনা করো।

(খ) 'কারাগার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসে বর্ণিত তৎকালীন সমাজে নারীর অবস্থান সম্পর্কে আলোচনা করো।

(ঘ) 'গণনায়ক' গল্পের মুনিমজী চরিত্রটি বিশ্লেষণ করো।

## DSE-B2

## বাংলা কল্পবিজ্ঞান ও গোয়েন্দা কাহিনী

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বাংলা সাহিত্যে প্রথম গোয়েন্দা কাহিনীর রচয়িতা কে ? তাঁর কয়েকটি গোয়েন্দা গল্পের নাম লেখো।

(খ) ফেলুদা চরিত্রের স্রষ্টা কে ? ফেলুদার প্রকৃত নাম কি ? এই চরিত্রকে অবলম্বন করে লেখা কয়েকটি গল্পের নাম লেখো।

(গ) 'সব ভুতুড়ে' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয় ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল ? এই গ্রন্থে কতগুলো গল্প আছে ?

(ঘ) 'হ-য-ব-র-ল' গ্রন্থে কথকের রুমাল কিসে পরিণত হয়েছিল ? সে কীভাবে তিব্বত যাওয়ার পথের বর্ণনা দিয়েছিল ?

(ঙ) 'হ-য-ব-র-ল' গ্রন্থটির নাম এরূপ রাখা হয়েছে কেন ? আলোচনা করো।

(চ) 'চাঁদের পাহাড়' কার লেখা ? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয় ? এই উপন্যাসের প্রধান চরিত্রের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা ভাষায় লেখা প্রথম বৈজ্ঞানিক কল্পকাহিনীর নাম কী ? বাংলা কল্পবিজ্ঞান কাহিনীর জনক কে ? তাঁর রচিত গল্পগুলির পরিচয় দাও।

(খ) 'সব ভুতুড়ে' গল্প সংকলনের যে-কোনো একটি গল্পের শিল্পরূপ আলোচনা করো।

(গ) 'পেনেটিতে' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

(ঘ) 'হ-য-ব-র-ল' গ্রন্থ অবলম্বনে উদো আর বুদো এবং ব্যাকরণ শিং-এর পরিচয় দাও।

(ঙ) 'চাঁদের পাহাড়' উপন্যাস অবলম্বনে লেখকের আফ্রিকা সম্পর্কে দৃষ্টিভঙ্গীর পরিচয় দাও।

(চ) 'চাঁদের পাহাড়' উপন্যাসের আলভারেজ চরিত্রটি বিশ্লেষণ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গোয়েন্দা গল্পের উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাস আলোচনা করো।

(খ) 'সব ভুতুড়ে' গ্রন্থের শিল্প সার্থকতা বিচার করো।

(গ) 'হ-য-ব-র-ল' গ্রন্থটি শিশুসাহিত্য হিসেবে কতখানি সার্থক — আলোচনা করো।

(ঘ) 'চাঁদের পাহাড়' উপন্যাস অবলম্বনে প্রকৃতিপ্রেমী বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রকৃতি ভাবনার স্বরূপ উদ্ঘাটন করো।

———×———



Maynaguri College Library